

# ঢাবির হলে কক্টেল বিস্ফোরণে আতঙ্কে শিক্ষার্থীরা, ঘুমে প্রভোস্ট

ইত্তেফাক অনলাইন রিপোর্ট

প্রকাশ : ২৭ ডিসেম্বর ২০২৩, ২২:০১



স্যার এ এফ রহমান হল। ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) স্যার এ এফ রহমান হলের সামনে কক্টেল বিস্ফোরণে শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। কিন্তু হলের প্রভোস্ট ঘুমিয়ে থাকায় কিছুই টের পাননি। বুধবার (২৭ ডিসেম্বর) রাত সাড়ে ৮টার দিকে হলের সামনে পরপর ৪টি কক্টেল বিস্ফোরণের ঘটনা ঘটে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ  
করুন

স্যার এ এফ রহমান হলের আবাসিক শিক্ষার্থীরা জানান, রাত সাড়ে ৮টার দিকে হলের সামনে হঠাৎ ৪টি ককটেল বিস্ফোরণের শব্দ হয়। মুহূর্তেই ধোঁয়ায় চারপাশ কিছু সময়ের জন্য অঙ্ককার হয়ে যায়। বিপরীত পাশের রাস্তায় চলমান একটি মোটরসাইকেল থেকে দুর্বৃত্তরা ককটেল নিক্ষেপ করে পালিয়ে যায়।



হলের সামনে ককটেল বিস্ফোরণ। ছবি: সংগৃহীত

এ বিষয়ে জানতে চাইলে হলের প্রভোস্ট অধ্যাপক কে এম সাইফুল ইসলাম খান ইত্তেফাক অনলাইনকে বলেন, ‘আমি ঘুমে ছিলাম, কিছুই জানিনা। আপনার কাছ থেকেই প্রথম শুনলাম। খবর নিয়ে দেখছি।’

জানতে চাইলে শাহবাগ থানার ডিউটি অফিসার আবুল কালাম আজাদ বলেন, এ বিষয়ে আমি কিছু জানিনা।

শেষ খবর পাওয়া পর্যন্ত বিস্ফোরণে কোনো হতাহতের ঘটনা ঘটেনি।

ইত্তেফাক/এসএটি

বিষয়: